তারিখ ··· 14 JUL 2016 ···
পৃষ্ঠা ··· কলাম ···

The Daily Star

# NORTH SOUTH UNIVERSITY

*Center of Excellence in Higher Education*

## সাম্প্রতিক জঙ্গীবাদী তৎপরতার প্রেক্ষিতে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের বক্তব্য

গুলশানের হলি আর্টিসান বেকারি, ঢাকা এবং শোলাকিয়া ঈদগাহ সংলগ্ন, কিশোরগঞ্জে ঘটে যাওয়া বর্বরোচিত সন্ত্রাসী হামলার ঘটনায় আমরা বাকরুদ্ধ, স্তম্ভিত ও শোকাহত। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দ্রুত পদক্ষেপের ফলে শোলাকিয়া ঈদের জামাতে বড় ধরনের দূর্ঘটনা থেকে আমরা রক্ষা পেয়েছি। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে পাশবিক এসব হামলার তীব্র নিন্দা এবং নিহতদের পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাই।

ঘটনা পরবর্তী সময়ে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত/প্রচারিত সংবাদে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র নিবরাস ইসলাম ও আবির রহমানকে জঙ্গি এবং শিক্ষক হিসেবে আবুল হাসনাত রেজা করিমের নাম জঙ্গি সম্পৃক্ততায় উল্লেখ করা হয়। প্রকৃতপক্ষে, নিবরাস ইসলাম ২০১২ এবং আবির রহমান ২০১৫ সালে ছাত্র ছিল। এর পর থেকে এ দুজন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সাথে অধ্যায়নরত ছাত্র হিসেবে কোনভাবে সম্পৃক্ত নয়।

বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী পরপর দুই সেমিস্টার (৪ মাসে ১ সেমিস্টার) পর্যন্ত কোন শিক্ষার্থী কোর্স নিবন্ধন না করলে তার নাম সংশ্লিষ্ট বিভাগ থেকে বাদ পড়ে এবং তৃতীয় সেমিস্টারে যৌক্তিক কারণসহ লিখিত আবেদন এবং কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন না থাকলে তার ছাত্রত্ব বাতিল বলে গণ্য হয়। নিবরাস ইসলাম এবং আবির রহমানের ক্ষেত্রেও উল্লেখিত নিয়ম কার্যকর হয়েছে। নিবরাস ও আবির যথাক্রমে ২০১২ এবং ২০১৫ সালের প্রথম সেমিস্টার থেকে অনুপস্থিত এবং তাদের অভিভাবকগণও বিশ্ববিদ্যালয়ের সাথে কোন প্রকার যোগাযোগ করেননি।

অন্যদিকে, আবুল হাসনাত রেজা করিম নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের খন্ডকালীন শিক্ষক হিসেবে ২০১৩ সালের স্প্রিং সেমিস্টার থেকে ব্যক্তিগত কারন দেখিয়ে অব্যাহতি নেন বিধায় ঐসময়ের পর থেকে তিনি আর কোনভাবেই বিশ্ববিদ্যালয়ের সাথে সম্পৃক্ত নন।

এহেন বাস্তবতায়, তাদেরকে ছাত্র এবং শিক্ষক হিসেবে উল্লেখ করায় জনমনে বিভ্রান্তি সৃষ্টি করা ছাড়াও বিশ্ববিদ্যালয়ে অধ্যায়নরত প্রায় ২২ (বাইশ) হাজার শিক্ষার্থী, সহস্রাধিক দেশী-বিদেশি শিক্ষকসহ বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী অর্জনপূর্বক দেশ-বিদেশে উচ্চ পদে কর্মরত পনের সহস্রাধিক প্রাক্তন শিক্ষার্থীকে (অ্যালামনাই সদস্য) বিব্রত ও মর্মাহত করেছে।

দেশের মাটিতে গড়ে ওঠা বিশ্বব্যাপী স্বীকৃত এ বিশ্ববিদ্যালয়টি যখন বহু কষ্টার্জিত স্বাধীন বাংলাদেশে একটি সুশিক্ষিত জাতি গঠন তথা সমৃদ্ধ দেশ গড়ার সহযাত্রী হিসেবে অগ্রণী ভুমিকা পালন করে যাচ্ছে, তখন কতিপয় বিপথগামী যুবকের ন্যক্কারজনক সন্ত্রাসী ঘটনায় দেশবাসীর সাথে আমরাও উদ্বিগ্ন। পরিস্থিতি মোকাবেলায় সরকার তথা শিক্ষা মন্ত্রনালয় কর্তৃক গৃহীত প্রশংশনীয় পদক্ষেপে সর্বাত্মক সহযোগিতায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় অঙ্গিকারাবদ্ধ।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতিমধ্যেই শিক্ষার কাঙ্খিত পরিবেশ বজায় রাখার জন্য সকল শিক্ষক, ছাত্রছাত্রী এবং অভিবাবকদের সাথে বৈঠক ও আলোচনা করে সমন্বিতভাবে বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কর্মসুচি গ্রহণ করেছে । একে অপরের সহযোগিতার মাধ্যমেই আমরা বর্তমান সঙ্কট দৃঢ়ভাবে মোকাবিলায় সফল হব।

- কর্তৃপক্ষ
নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়